মেলান্দহে জামায়াতে ইসলামীর যুব বিভাগের ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

লেখক: প্রকাশক | প্রকাশিত: 20 October 2026, 06:25 PM | বিভাগ: সারাদেশে

জামালপুরের মেলান্দহে বাংলাদেশ জামায়াতে ইসলামী যুব বিভাগের উদ্যোগে আন্তঃউপজেলা ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২০ অক্টোবর) বিকেলে উপজেলার ঝাউগড়া উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত মেলান্দহ উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী মো. জিয়াউল কবীর ।

এসময় আরও বক্তব্য রাখেন, জামালপুর জেলা জামায়াতের শূরা ও কর্ম পরিষদ সদস্য অধ্যাপক আলহাজ মাওলানা মো. মজিবুর রহমান আজাদী,ঝাউগড়া ইউনিয়ন জামায়াতের সভাপতি মাওলানা মো. আবদুর রাজ্জাক ও মেলান্দহ উপজেলা যুব বিভাগের সভাপতি মো. শাহীনুর ইসলাম (শাহীন)।

আয়োজকরা জানান, যুবসমাজকে খেলাধুলার প্রতি আগ্রহী করে তোলা এবং সামাজিক সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ জোরদার করার লক্ষ্যেই এ ধরনের ক্রীড়া আয়োজন করা হয়েছে।

খেলাধুলার মাধ্যমে যুবসমাজকে মাদক ও অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে রেখে সুস্থ ধারার বিনোদনে সম্পৃক্ত করার ওপর গুরুত্ব দেন সংশ্লিষ্টরা।

টুর্নামেন্টে ফুলকোচা ইউনিয়ন যুব একাদশ ও ঝাউগড়া ইউনিয়ন যুব একাদশ অংশ নেয়। খেলাকে ঘিরে স্থানীয় ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যায়।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।

এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।